

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপ পরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
বরগুনা।

স্মারক নং- ৩৪.০১.০৪০০.০০০.৩৭.২৬৭.১৯-৬৮৭

তারিখঃ ২০.১১.২০১৯ খ্রিঃ

## ভর্তি বিজ্ঞপ্তি

যুব উন্নয়ন অধিদপ্তর বরগুনা জেলা কার্যালয় নিম্নোক্ত প্রশিক্ষণ কোর্সে ভর্তির জন্য বেকার যুব ও যুব মহিলাদের নিকট হতে নিম্ন স্বাক্ষরকারীর বরাবরে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	ট্রেডের নাম	কোর্সের মেয়াদ	শিক্ষাগত যোগ্যতা	ভর্তি ফি	আবেদন পত্রের শেষ তারিখ	সাক্ষাৎকার	ফ্লাশ শুরুর
০১	কম্পিউটার বেসিক কোর্স	০৬ মাস	এইচ.এস.সি	১০০০/-	২৬/১২/১৯ খ্রিঃ	৩০/১২/১৯ খ্রিঃ	০১/০১/২০২০
০২	রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং	০৬ মাস	অষ্টম শ্রেণী	৩০০/-	২৬/১২/১৯ খ্রিঃ	৩০/১২/১৯ খ্রিঃ	০১/০১/২০২০
০৩	ইলেকট্রিক্স	০৬ মাস	অষ্টম শ্রেণী	৩০০/-	২৬/১২/১৯ খ্রিঃ	৩০/১২/১৯ খ্রিঃ	০১/০১/২০২০
০৪	ইলেকট্রিক্যাল এন্ড হাউজ ওয়ারিং	০৬ মাস	অষ্টম শ্রেণী	৩০০/-	২৬/১২/১৯ খ্রিঃ	৩০/১২/১৯ খ্রিঃ	০১/০১/২০২০
০৪	পোষাক তৈরী প্রশিক্ষণ কোর্স	০৩ মাস	অষ্টম শ্রেণী	৫০/-	২৬/১২/১৯ খ্রিঃ	৩০/১২/১৯ খ্রিঃ	০১/০১/২০২০

দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত নিয়মাবলী নিম্নরূপঃ-

১. বর্ণিত কোর্সে/ট্রেডে ভর্তি হতে ইচ্ছুক বা আগ্রহী প্রার্থীর বয়স অবশ্যই ১৮ থেকে ৩৫ বছর এবং বেকার যুবক ও যুব মহিলা হতে হবে। তবে প্রকৃত মুক্তিযোদ্ধা পরিবারের পোষ্যদের ক্ষেত্রে বয়সসীমা শিথিল যোগ্য।
২. যুব সংগঠন কর্তৃক মনোনীত এবং যুব মহিলা প্রার্থীকে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেয়া হবে।
৩. স্বহস্তে লিখিত দরখাস্ত (ক) নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) শিক্ষাগত যোগ্যতা (ছ) জাতীয়তা (জ) ধর্ম (ঝ) জন্ম তারিখ (ঞ) বয়স (দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখে) উল্লেখ করতে হবে।
৪. আবেদনপত্রের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতা ও বয়স প্রমানের প্রত্যয়ন পত্র (খ) ভোটার আইডি কার্ড বা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর কমিশনার/প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র (গ) সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ নির্ধারিত তারিখের মধ্যে আবেদনপত্র জমা দিতে হবে। নির্বাচনী পরীক্ষার সময় মূল সনদপত্রসমূহ সঙ্গে আনতে হবে।
৫. ভর্তির জন্য নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে সকাল ০৯.০০ ঘটিকায় হাজির হতে হবে। এজন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
৬. ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
৭. পোষাক তৈরী প্রশিক্ষণ কোর্সে শুধু মাত্র মহিলা প্রার্থীরা আবেদন করতে পারবেন।

উপরোল্লিখিত পোষাক তৈরী প্রশিক্ষণ কোর্স ব্যতীত অন্যান্য কোর্স সমূহ যুব প্রশিক্ষণ কেন্দ্র, ইটবাড়িয়া, বরগুনায় অনুষ্ঠিত হবে।

(ওবায়দুল ইসলাম)  
উপ পরিচালক  
যুব উন্নয়ন অধিদপ্তর  
বরগুনা।

বিতরণঃ-

১. জেলা প্রশাসক, বরগুনা।
২. ...., বরগুনা।
৩. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বরগুনা।
৪. অফিস কপি।